

# 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৬৭৭

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ জামাআত সহকারে নামাযের ফ্যীলত

#### আরবী

عَن أُبِيّ بْنِ كَعْبِ قَالَ صَلَّى بِنَا رَسُولُ اللهِ عَلَيْ يَوْمًا الصَّبْحَ فَقَالَ أَشَاهِدٌ فُلاَنٌ قَالُواْ لاَ قَالَ إِنَّ هَاتَيْنِ الصَّلْاَتَيْنِ أَتْقَلُ الصَّلُوَاتِ عَلَى الْمُنَافِقِينَ وَلَوْ قَالُ أَشَاهِدٌ فُلاَنٌ قَالُواْ لاَ قَالَ إِنَّ هَاتَيْنِ الصَّلْاَتَيْنِ أَتْقَلُ الصَّلْوَاتِ عَلَى الْمُنَافِقِينَ وَلَوْ تَعْلَمُونَ مَا فِيهِمَا لأَتَيْتُمُوهُمَا وَلَوْ حَبْوًا عَلَى الرُّكَبِ وَإِنَّ الصَّفَّ الأَوَّلَ عَلَى مِثْلِ صَفِّ الْمُلاَئِكَةِ وَلَوْ عَلِمْتُمْ مَا فَضِيلَتُهُ لاَبْتَدَرْتُمُوهُ وَإِنَّ صَلاَةَ الرَّجُلِ مَعَ الرَّجُلِ أَزْكَى مِنْ صَلاَتِهِ وَحْدَهُ وَصَلاَتُهُ مَعَ الرَّجُلَيْنِ أَزْكَى مِنْ صَلاَتِهِ مَعَ الرَّجُلِ وَمَا كَثُرَ فَهُوَ أَحَبُ إِلَى اللهِ تَعَالَى

#### বাংলা

(৬৭৭) উবাই বিন কা'ব (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একদা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে নিয়ে ফজরের নামায পড়ার পর বললেন, অমুক উপস্থিত আছে? সকলে বলল, না। (দ্বিতীয় ব্যক্তির খোঁজে) তিনি বললেন, অমুক উপস্থিত আছে? সকলে বলল, না। অতঃপর তিনি বললেন, অবশ্যই এই দুই নামায (এশা ও ফজর) মুনাফেকদের জন্য সবচেয়ে ভারী নামায। উক্ত দুই নামাযে কী সওয়াব নিহিত আছে তা যদি তোমরা জানতে, তাহলে হাঁটুর উপর ভর করে হামাগুড়ি দিয়েও তা জামাআতে আদায়ের উদ্দেশ্যে অবশ্যই হাজির হতে।আর প্রথম কাতার ফিরিশতাগণের কাতারের সমতুল্য।

যদি তোমরা তাতে নিহিত মাহাত্ম্য বিষয়ে অবগত হতে, তবে নিশ্চয় (প্রথম কাতারে খাড়া হওয়ার জন্য) প্রতিযোগিতা করতে। এক ব্যক্তির কোন অন্য ব্যক্তির সাথে জামাআত করে পড়া নামায একাকী পড়া নামায অপেক্ষা অধিকতর উত্তম। অনুরূপ অন্য দুই ব্যক্তির সাথে জামাআত করে পড়া নামায এক ব্যক্তির সাথে জামাআত করে পড়া নামায অপেক্ষা অধিকতর উত্তম। এইভাবে জামাআতের লোক সংখ্যা যত অধিক হবে, ততই আল্লাহ আয্যা অজাল্লার নিকট অধিক প্রিয়।

### ফুটনোট

(আহমাদ ২১২৬৫, আবু দাউদ ৫৫৪, নাসাঈ ৮৪৩, ইবনে খুযাইমাহ ১৪৭৬, ইবনে হিব্বান ২০৫৬, হাকেম ৯০৪,



## বাইহাক্বী ৪৭৮০, সহীহ তারগীব ৪১১)

## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন